

নিট্ট وف আর-রউফ الْرَوُّوفُ

অর্থ

পরম-স্নেহশীল, সদয়, সমবেদনা প্রকাশকারী, দয়াশীল

English

☐ Ar-Ra'uf

- The One with extreme Mercy. The Mercy of Allah is His will to endow upon whoever He willed among His creatures.
- The merciful, the Ever Indulgent.

ব্যাখ্যা

আর-রউফ (অত্যন্ত স্নেহশীল, সদয়, সমবেদনা প্রকাশকারী, দয়াশীল)[1] | Ar-Ra 🗆 🖂 f | The Most Kind

শাইখ আস-সা'দী রহ. বলেছেন, আর-রাউফ হলেন যিনি বান্দার প্রতি অত্যন্ত স্নেহশীল। বান্দার প্রতি তাঁর স্নেহ ও দয়ার কারণে তিনি তাদের প্রতি তাঁর নি'আমত পূর্ণ করেছেন। তাঁর স্নেহশীলতার কারণে তিনি বান্দাকে তাঁর প্রতি করণীয় দায়িত্ব ও কর্তব্য (আল্লাহর হক) এবং তাদের নিজেদের প্রতি করণীয় দায়িত্ব ও কর্তব্য (বান্দার হক) পালনের তাওফিক দান করেছেন।

তাঁর স্নেহশীলতা ও রহমতের আরেকটি নমুনা হলো, তিনি বান্দাকে তাদের অপরাধ ও ফ্যাসাদ সৃষ্টি করা থেকে বিরত থাকতে ভয়-ভীতি ও ধমক প্রদান করেন। যেমন আল্লাহ তা'আলা বলেছেন,

"এদ্বারা আল্লাহ তাঁর বান্দাদেরকে ভয় দেখান। হে আমার বান্দারা, তোমরা আমাকেই ভয় কর।" [সূরা আয-যুমার, আয়াত: ১৬]

অত:এব, তাঁর স্নেহ ও দয়ায় তাদের জন্য কল্যাণের পথ সহজ হয়ে যায়। তাঁর স্নেহ ও দয়া যে, তিনি বান্দাকে তাঁর অপছন্দনীয় পথ থেকে সকর্ত করেন। আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি তিনি যেন আমাদেরকে সিরাতুল মুস্তাকীম তথা সরল-সঠিক পথে পরিচালিত করে আমাদের উপর তাঁর ইহসান পূর্ণ করেন এবং সে পথ থেকে আমাদেরকে নিরাপদ রাখুক যে পথে চললে জাহান্নাম অবধারিত।[2]



[1] এ নামের দলিল আল্লাহর নিম্নোক্ত বাণী,

﴿ وَيُحَذِّرُكُمُ ٱللَّهُ نَفْاَ سَهُ اللَّهُ رَءُوفَ اللَّهُ رَءُوفَ اللَّهِ بِٱلاَّعِبَادِ ٣٠ ﴾ [ال عمران: ٣٠]

"আর আল্লাহ তোমাদেরকে তার নিজের ব্যাপারে সাবধান করছেন এবং আল্লাহ বান্দাদের প্রতি অত্যন্ত স্নেহশীল।" [সূরা আলে ইমরান, আয়াত: ৩০]

[2] আত-তাফসীর, ১/১৬২ ও ৭/৩৩৭।

𝚱 Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=83

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন